দৈনিক ইনকিলাব

তারিখ · 10 AUG 2009
পৃষ্ঠা ৩ কলাম ৩

# মাধ্যমিক স্তরে অংক শিক্ষার মানোন্নয়নে কমিটি গঠন

স্টাফ রিপোর্টার ঃ দেশের মাধ্যমিক স্তরের অংক শিক্ষার সার্বিক মানোন্নয়নের জন্য করণীয় সম্পর্কে সুপারিশ প্রদানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য প্রফেসর ড. মোঃ তাজুল ইসলামকে চেয়ারম্যান করে গতকাল দশ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে এ কথা জানা গেছে। এ কমিটি বর্তমানে মাধ্যমিক স্তরের শিক্ষা ব্যবস্থা ও অংক শিক্ষার মান পর্যালোচনা করা, এর মানোন্নয়নে প্রতিবন্ধকতা চিহ্নিত করা, অংক শিক্ষার সার্বিক মানোন্নয়নের বর্তমান ও ভবিষ্যৎ কর্ম পরিকল্পনা/সুপারিশমালা প্রণয়ন এবং প্রস্তাবিত অংক শিক্ষার জাতীয় একাডেমী প্রতিষ্ঠার রূপরেখা সম্পর্কে সুপারিশ প্রদান করবে। এছাড়াও কমিটি অংক শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রমের পর্যালোচনা ও দুর্বলতা চিহ্নিত করা এবং প্রশিক্ষণের সার্বিক মানোন্নয়নের সুপারিশমালা প্রণয়ন করবে। কমিটি আগামী দু'মাসের মধ্যে মন্ত্রণালয়ের কাছে তাদের সুপারিশ পেশ করবে। কমিটির অন্য সদস্যবৃন্দ হলেন শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন), শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর মুহম্মদ জাফর ইকবাল, টিকিউআই-সেপ প্রকল্পের প্রকল্প পরিচালক, সেন্ট জোসেফ স্কুল এন্ড কলেজের প্রিন্সিপাল ব্রাদার লিও, সিটি কলেজের গণিতের প্রফেসর মোঃ আনোয়ার হোসেন, গণিত অলিম্পিয়ার্ডের সাধারণ সম্পাদক মুনির হাসান, টিচার্স ট্রেনিং কলেজের প্রভাষক (গণিত) রাজিয়া বেগম, উদয়ন স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক (গণিত) রতন কান্তি মণ্ডল এবং সদস্য সচিব মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিচালক (মাধ্যমিক)।